

🗏 আদ-দুখান | Ad-Dukhan | اُلدُّخان

আয়াতঃ ৪৪ : ৫১

আরবি মূল আয়াত:

إِنَّ المُتَّقِينَ فِي مَقَامٍ اَمِينٍ ﴿٥٩﴾

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে, — আল-বায়ান

নিশ্চয়ই মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে, — তাইসিরুল

মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে – মুজিবুর রহমান

Indeed, the righteous will be in a secure place; — Sahih International

৫১. নিশ্চয় মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে(১)—

(১) শান্তি ও নিরাপত্তার জায়গা অর্থ এমন জায়গা যেখানে কোন প্রকার আশংকা থাকবে না। কোন দুঃখ, অস্থিরতা, বিপদ, আশংকা এবং পরিশ্রম ও কন্ট থাকবে না। হাদীসে আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ জান্নাতবাসীদের বলে দেয়া হবে, তোমরা এখানে চিরদিন সুস্থ থাকবে, কখনো রোগাক্রান্ত হবে না, চিরদিন জীবিত থাকবে, কখনো মরবে না চিরদিন সুখী থাকবে কখনো দুর্দশাগ্রস্ত হবে না এবং চিরদিন যুবক থাকবে, কখনো বৃদ্ধ হবে না। [মুসলিম: ২৮৩৭]

তাফসীরে জাকারিয়া

(৫১) নিশ্চয় সাবধানীরা থাকবে নিরাপদ স্থানে--

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4465

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন